# আন-নাবা | An-Naba' | اَلنَّبَ

আয়াতঃ ৭৮ : ১৭

## আরবি মূল আয়াত:

اِنَّ یَوۡمَ الۡفَصۡلِ کَانَ مِیۡقَاتًا ﴿۱۷﴾

## অনুবাদসমূহ:

নিশ্চয় ফয়সালার দিন নির্ধারিত আছে। — আল-বায়ান

নিশ্চয়ই নির্ধারিত আছে মীমাংসার দিন, — তাইসিরুল

নিশ্চয়ই নির্ধারিত আছে মীমাংসা দিন। — মুজিবুর রহমান

Indeed, the Day of Judgement is an appointed time - — Sahih International

১৭. নিশ্চয় নির্ধারিত আছে বিচার দিন(১);

(১) অর্থাৎ যে দিন মহান আল্লাহ্ তা'আলা তাঁর সৃষ্টির মাঝে বিচার-মীমাংসা করবেন সে দিন তথা কেয়ামত নির্দিষ্ট সময়েই আসবে। [মুয়াস্সার]

তাফসীরে জাকারিয়া

১৭। নিশ্চয়ই নির্ধারিত আছে ফায়সালার দিবস; [1]

[1] অর্থাৎ, পূর্বেকার এবং শেষকার সবারই জমা হবার এবং ওয়াদার দিন। তাকে ‘ফায়সালার দিবস’ এই জন্য বলা হয়েছে যে, সেই দিনে জমা হওয়ার উদ্দেশ্যই হল সমস্ত মানুষের আমলানুযায়ী ফায়সালা করা হবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5689

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন